৫০১১৯

বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার নং: ০২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

তারিখ: ০৯ নভেম্বর, ২০২৬ / ২৪ কার্তিক, ১৪৩৩

প্রিয় মহোদয়,

আর্থিক অন্তর্ভুক্তি ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে
'ই-ঋণ' (e-loan) পুনঃ অর্থায়ন স্কিম প্রসঙ্গে।

অর্থনৈতিক বৈষম্য হ্রাস করে অন্তর্ভুক্তিমূলক ও টেকসই আর্থিক খাত উন্নয়নের লক্ষ্যে সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীর নিকট আনুষ্ঠানিক আর্থিক সেবা পৌঁছে দেওয়ার পাশাপাশি ক্ষুদ্র আয়বর্ধক কর্মকান্ডে অর্থায়নের সুযোগ সৃষ্টি এবং মোবাইল অ্যাপসহ বিভিন্ন ডিজিটাল মাধ্যম ব্যবহারের মাধ্যমে ডিজিটাল ব্যাংকিং লেনদেনে অভ্যস্ততা তৈরি ও আর্থিক অর্ন্তভুক্তি সম্প্রসারণের লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-১১/২০২২-এর আলোকে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট কর্তৃক 'ডিজিটাল ক্ষুদ্র ঋণ' পুনঃ অর্থায়ন স্কিমটি পরিচালিত হয়ে আসছে। সম্প্রতি দেশে বিভিন্ন ডিজিটাল মাধ্যম ব্যবহার করে তফসিলি ব্যাংক হতে ক্ষুদ্র ঋণের চাহিদা ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় বিআরপিডি-১ সার্কুলার নং-১১/২০২৬ এর মাধ্যমে ক্যাশলেস সমাজ বিনির্মাণে বাণিজ্যিকভাবে 'ই-ঋণ' প্রচলনে একটি নির্দেশনা দেয়া হয়েছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে, বাংলাদেশ ব্যাংক এর 'ডিজিটাল ক্ষুদ্র ঋণ' পুনঃ অর্থায়ন স্কিমটি বর্তমানে 'ই-ঋণ' পুনঃ অর্থায়ন স্কিম হিসেবে পরিগণিত হবে। তফসিলি ব্যাংক কর্তৃক আলোচ্য 'ই-ঋণ' পুনঃ অর্থায়ন স্কিম হতে পুনঃ অর্থায়ন গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণীয় হবে:

২.১। **স্কিমের নাম :** আর্থিক অন্তর্ভুক্তি ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে 'ই-ঋণ' (e-loan) পুনঃ অর্থায়ন স্কিম।

২.২। **তহবিলের উৎস ও পরিমাণ :** বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল; ১০০ (একশত) কোটি টাকা যা নির্ধারিত মেয়াদের মধ্যে আবর্তনশীল (Revolving)।

২.৩। **স্কিমের উদ্দেশ্য :** 'ই-ঋণ' এর মাধ্যমে আর্থিকভাবে বঞ্চিত ও প্রান্তিক গ্রাহকদের জন্য ক্ষুদ্র অঙ্কের আনুষ্ঠানিক ডিজিটাল ঋণের প্রবেশাধিকার বৃদ্ধি করা।

২.৪। **স্কিমের মেয়াদ :** ৩০ জুন, ২০২৮ পর্যন্ত।

২.৫। **পুনঃ অর্থায়নের সুদ/মুনাফার হার:**

অর্থায়নকারী ব্যাংকের অনুকূলে বাংলাদেশ ব্যাংকের পুনঃ অর্থায়নের বার্ষিক সুদ/মুনাফার হার হবে ১%। তবে ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক সর্বোচ্চ ৯%; এক্ষেত্রে গ্রাহকের ঋণ/বিনিয়োগের ক্রমহ্রাসমান স্থিতির উপর সুদ/মুনাফা আরোপ করতে হবে।

২.৬। **অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হিসেবে অন্তর্ভুক্তি ও পুনঃ অর্থায়ন প্রাপ্তির শর্তাবলীঃ** আলোচ্য স্কিমের আওতায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হিসেবে অর্ন্তভুক্তি এবং পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:

২.৬.১। বাণিজ্যিকভাবে ই-ঋণ পরিচালনাকারী তফসিলি ব্যাংকসমূহ বিআরপিডি-১ সার্কুলার নং-১১/২০২৬ অনুযায়ী পাইলট পর্ব সম্পন্নকরণ ও বোর্ড অনুমোদিত পিপিজি (PPG) লাভকরণ সাপেক্ষে পুনঃ অর্থায়ন স্কিমে অন্তর্ভুক্তির জন্য আবেদন করবে।

চলমান পৃষ্ঠা/২

পূর্ববর্তী পৃষ্ঠার পর

২.৬.২। এ স্কিমের আওতায় ব্যাংক কর্তৃক ই-ঋণ বিতরণের ক্ষেত্রে বিআরপিডি-১ সার্কুলার নং ১১/২০২৬ এবং অন্যান্য প্রযোজ্য নির্দেশনা অনুযায়ী সিআইবি (CIB), খেলাপী ঋণ গ্রহীতাকে ঋণ প্রদান, ব্যাংক ব্যতীত অন্য কোনো (তৃতীয় পক্ষ) প্রতিষ্ঠানের সম্পৃক্ততা এবং গ্রাহক/ঋণ সম্পর্কিত তথ্য সংরক্ষণ সংক্রান্ত প্রয়োজনীয় শর্তাবলী পরিপালন করতে হবে।

২.৬.৩। এ স্কিমের আওতায় ব্যাংক কর্তৃক মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস কোম্পানি (MFS)-এর মাধ্যমে ঋণ বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক ও MFS-এর মধ্যে একটি সমঝোতা চুক্তি (MoU) স্বাক্ষর করতে হবে। প্রথমবার পুনঃ অর্থায়ন প্রাপ্তির আবেদনের সঙ্গে উক্ত MoU-এর একটি অনুলিপি প্রেরণ করতে হবে।

২.৬.৪। উপরোক্ত শর্তাবলী পরিপালন সাপেক্ষে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যাংকসমূহকে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট (এফআইডি)-এর সাথে একটি চুক্তিপত্র (Participation Agreement) সম্পাদন করতে হবে।

২.৬.৫। ব্যাংকগুলোকে সুদ/মুনাফাসহ আসল পরিশোধ নিশ্চিত করতে হবে মর্মে আলাদাভাবে ডিপি নোট (প্রতিশ্রুতি পত্র) সম্পাদন করতে হবে।

২.৫.৬। আলোচ্য পুনঃ অর্থায়ন স্কিম হতে পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণের ক্ষেত্রে আর্থিক অন্তর্ভুক্তি ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে 'ই-ঋণ' সুবিধার ব্যবহার নিশ্চিত করতে হবে।

২.৭। গ্রাহক পর্যায়ে ঋণ প্রাপ্তির যোগ্যতা ও ঋণসীমা ঃ

২.৭.১। ব্যাংক কর্তৃক ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল ব্যাংকিং অ্যাপস, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস), ই-ওয়ালেট ইত্যাদি ব্যবস্থা ব্যবহার করে End to End (ঋণ গ্রহীতা অনবোর্ডিং হতে শুরু করে ঋণ আদায় পর্যন্ত) ডিজিটাল পদ্ধতিতে ঋণ প্রদান করবে।

২.৭.২। অর্থায়নকারী ব্যাংকসমূহ ঋণ প্রাপ্তির যোগ্যতা যাচাই সাপেক্ষে একক গ্রাহককে একটি নির্দিষ্ট সময়ে সর্বোচ্চ ৫০,০০০(পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত 'ই-ঋণ' সুবিধা প্রদান করতে পারবে।

২.৮। অগ্রাধিকার:

২.৮.১। প্রান্তিক জনগোষ্ঠী, দূরবর্তী এলাকায় বসবাসরত ও ব্যাংকিং সুবিধার বাইরে থাকা জনগণ।

২.৮.২। প্রান্তিক নারী, অতিক্ষুদ্র/ক্ষুদ্র নারী উদ্যোক্তাগণ যে কোন ধরনের আয় উৎসারী কর্মকান্ডে নিয়োজিত থাকলে।

২.৮.৩। ১৮-২৫ বছর বয়সী স্টুডেন্ট ব্যাংকিং হিসাবধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষা ব্যয় নির্বাহ বা প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ক্রয়, বৃত্তিমূলক/কারিগরী/তথ্য প্রযুক্তিসহ অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে ও আয়-উৎসারী কর্মকান্ডে এবং প্রশিক্ষণলব্ধ দক্ষতা ভিত্তিক পেশা ও ব্যবসা পরিচালনার জন্য।

২.৮.৪। বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তি (Person with Disabilities) ও তৃতীয় লিঙ্গের গ্রাহকগণ যে কোন ধরনের আয় উৎসারী কর্মকান্ডে নিয়োজিত থাকলে।

২.৯। ঋণের মেয়াদ ও পরিশোধ সূচি:

২.৯.১। ঋণের মেয়াদ হবে সর্বোচ্চ ১২ মাস।

২.৯.২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত পুনঃ অর্থায়নের অর্থ সাধারণভাবে ত্রৈমাসিক ভিত্তিতে (নির্ধারিত আদায়সূচি মোতাবেক) বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের চলতি হিসাব বিকলন করে আদায় করা হবে।

২.৯.৩। গ্রাহক পর্যায়ে আলোচ্য স্কিমের আওতায় বিতরণকৃত ঋণের মেয়াদ ০৩ মাসের কম হলে বিতরণকৃত অর্থ মাসিক কিস্তিতে এবং ০৩ মাসের অধিক কিন্তু ০৩ (তিন) এর গুণিতক সংখ্যক মাস না হলে ঋণের অর্থ ত্রৈমাসিক ভিত্তিতে আদায়ের পর অবশিষ্ট অংশ মাসিক কিস্তিতে ব্যাংক কর্তৃক আদায় করা হবে।

চলমান পৃষ্ঠা/৩

পূর্ববর্তী পৃষ্ঠার পর

২.১০। বাংলাদেশ ব্যাংক কর্তৃক মনিটরিং এর উদ্দেশ্যে দলিলাদি তলব ও সরেজমিনে পরিদর্শন:

গ্রাহক পর্যায়ে 'ই-ঋণ' বিতরণ প্রক্রিয়া এবং উক্ত 'ই-ঋণ' সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি বাংলাদেশ ব্যাংক নিয়মিত মনিটর করবে। ক্ষেত্র বিশেষে দৈবচয়ন ভিত্তিতে যে কোন সময় অফসাইট সুপারভিশন/তদারকির নিমিত্ত বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নথি/দলিলাদি সংগ্রহ এবং সরেজমিনে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে পারবে।

২.১১। পুনঃ অর্থায়ন আবেদন বাতিল এবং অতিরিক্ত সুদ/মুনাফা আদায় প্রসঙ্গে:

২.১১.১। অসম্পূর্ণ তথ্য বা ভুল তথ্য দিয়ে বাংলাদেশ ব্যাংকে পুনঃ অর্থায়নের আবেদন করা হলে অথবা পুনঃ অর্থায়নের আবেদন পর্যালোচনান্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নির্দেশনার ব্যত্যয় পরিলক্ষিত হলে উক্ত পুনঃ অর্থায়ন আবেদন বাতিল করা হবে।

২.১১.২। অংশগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক পুনঃ অর্থায়ন গ্রহণের আবেদনে কোনোরূপ ভুল বা মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণ করা হলে অথবা পুনঃ অর্থায়নের কিস্তি আদায়কালে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত অংশগ্রহণকারী ব্যাংকসমূহের চলতি হিসাবে তহবিল/স্থিতি অপর্যাপ্ততার কারণে আদায়যোগ্য বকেয়া/কিস্তি আদায় করা সম্ভব না হলে পুনঃ অর্থায়নকালে আরোপিত সুদ/মুনাফার হার অপেক্ষা ২% অধিক হারে অতিরিক্ত সময়ের সুদ/মুনাফাসহ এককালীন আদায় করা হবে।

২.১২। অন্যান্য শর্তাবলী:

২.১২.১। অংশগ্রহণকারী ব্যাংকসমূহকে নিশ্চিত করতে হবে যে ডিজিটাল সম্মতি গ্রহণের পূর্বে ঋণগ্রহীতাকে ঋণের পরিমাণ, সুদ/মুনাফার হার, মোট পরিশোধের দায়, পরিশোধের সময়সূচি এবং ঋণ অনাদায়ের পরিণতি সংক্রান্ত স্পষ্ট ও সহজবোধ্য তথ্য প্রদান করা হয়েছে।

২.১২.২। পুনঃ অর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে তফসিলি ব্যাংক সংযুক্ত ছক (সংযুক্তি-ক) মোতাবেক প্রয়োজনীয় তথ্য/দলিলাদিসহ প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পরিচালক (এফআইডি), ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর এবং একইসাথে বাংলাদেশ ব্যাংকের eRefinance System পোর্টালে অনলাইন আবেদন করবে।

২.১২.৩। গ্রাহক পর্যায়ে ঋণ বিতরণ, আদায় ও ঋণের সদ্ব্যবহার সংক্রান্ত বিষয়াদি সংশ্লিষ্ট ব্যাংক নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করবে এবং ব্যাংক কর্তৃক বিতরণকৃত ই-ঋণের তথ্য সংযুক্ত ছক (সংযুক্তি-খ) মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে এ বিভাগে প্রেরণ করতে হবে।

২.১২.৪। অংশগ্রহণকারী ব্যাংকের ওপর গ্রাহক পর্যায়ের ঋণ ঝুঁকি বর্তাবে এবং চূড়ান্ত ঋণগ্রহীতা কর্তৃক ঋণ অনাদায়ী হলে পুনঃ অর্থায়ন সুবিধার আওতায় বাংলাদেশ ব্যাংকের প্রতি অংশগ্রহণকারী ব্যাংকের দায় স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত করবে না।

৩। বাংলাদেশ ব্যাংক প্রচলিত আইনের সীমা অনুযায়ী গ্রাহকদের স্বার্থ সংরক্ষণের জন্য সম্পাদিত অংশগ্রহণ চুক্তির যে কোনো অংশ/সম্পূর্ণ সংশোধন করার পরামর্শ/নির্দেশনা প্রদানের সাথে অন্য যে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

৪। **শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকিং:** শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহ উপর্যুক্ত শর্তাবলির ব্যত্যয় না করে স্বীয় অনুমোদিত বিনিয়োগ পদ্ধতির ভিত্তিতে উক্ত স্কিমের আওতায় গ্রাহককে বিনিয়োগ প্রদান করবে। তবে, আদায়কৃত মুনাফা বার্ষিক ৯% এর বেশি হতে পারবে না।

৫। ইতঃপূর্বে জারিকৃত এফআইডি সার্কুলার লেটার নং-০২/২০২২ ও এফআইডি সার্কুলার লেটার নং-০১/২০২৩ এতদ্বারা রহিত করা হলো। তবে বর্ণিত সার্কুলার লেটার দুটির আওতায় গৃহীত পদক্ষেপসমূহের ধারাবাহিকতা এ সার্কুলারের আওতায় চলমান থাকবে মর্মে বিবেচিত হবে।

৬। এতদ্ব্যতীত, বিআরপিডি-১ সার্কুলার নং-১১/২০২৬, বিআরপিডি সার্কুলার লেটার নং-২০/২০২৫, ও বিআরপিডি সার্কুলার নং-১১/২০২২ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

চলমান পৃষ্ঠা/৪

পূর্ববর্তী পৃষ্ঠার পর

৭। ব্যাংকসমূহকে বাংলাদেশ ব্যাংক এর অন্যান্য সকল প্রযোজ্য নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

৮। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৯। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ ইকবাল মহসীন
পরিচালক (এফআইডি)
ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
ফোন: ৯৫৩০৩৪৩
iqbal.mohsin@bb.org.bd

সংযুক্তি-ক (০১)

সূত্রঃ ---------- তারিখঃ

পরিচালক
ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

"আর্থিক অন্তর্ভুক্তি ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে 'ই-ঋণ' (e-Loan) পুনঃ অর্থায়ন স্কিম" হতে পুনঃ অর্থায়ন প্রাপ্তির আবেদন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১১/২০২২, বিআরপিডি সার্কুলার লেটার নং-২০/২০২৫, বিআরপিডি-১ সার্কুলার নং-১১/২০২৬, ও এফআইডি সার্কুলার নং-০২/২০২৬ এর নির্দেশনা অনুসরণপূর্বক উক্ত পুনঃ অর্থায়ন স্কিমের আওতায় এ ব্যাংকের ইন্টারনেট ব্যাংকিং/মোবাইল অ্যাপস/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস(এমএফএস)/ই-ওয়ালেট ইত্যাদির মাধ্যমে ----/২০২৬ এ ---- জন গ্রাহককে মোট----------টাকা ঋণ/বিনিয়োগ বিতরণ করা হয়েছে। আলোচ্য ঋণ/বিনিয়োগ বিতরণে সার্কুলার/সার্কুলার লেটারে বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। উক্ত অর্থায়নের বিপরীতে উল্লিখিত তহবিল হতে পুনঃ অর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে বিস্তারিত তথ্য এতদ্সঙ্গে দাখিল করা হলো।

এমতাবস্থায়, এ ব্যাংকের অনুকূলে নিম্নোক্ত বর্ণনা মোতাবেক মোট------- টাকা (কথায়----------) পুনঃ অর্থায়ন প্রদান করে বাধিত করবেনঃ

ক্রমিক নং	টাকার পরিমাণ	ঋণের মেয়াদ	গ্রাহক সংখ্যা	eRefinance System এ আপলোডকৃত ফাইলের ট্র্যাকিং নম্বর

আপনাদের বিশ্বস্ত,

(----------)
ব্যবস্থাপনা পরিচালক/বিভাগীয় প্রধান
----------ব্যাংক পিএলসি
ফোনঃ----------
ইমেইলঃ----------

সংযোজনী:
১। ঋণ গ্রহীতাদের তথ্য (সংযুক্তি: ক (০২ ও ০৩) মোতাবেক)।
২। ডিপি নোট (ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্তৃক স্বাক্ষরিত)।

39 **Refinance Scheme: e-Loan Scheme**

সংযুক্তি-ক (০২)

Statement of Credit Distribution under Refinance Scheme for e- loan

Name of Participating Bank/FI:

Reporting Month:

Reporting Year:

***All Amounts in actual BDT*

sl no.	Borrower Details								Disbursement Information									Claim Amount for Refinance to BB	Comment
	Name of Borrower	Gender	Borrower Age	Birth Reg./ NID No.	Mobile No.	Address	District	Borrower's Profession	Customer Type	Loan Account No.	Disbursed Date (ddmmyyyy)	Disbursed Amount in BDT	Purpose of loan	Total Loan Tenure (in months)	Interest Rate (%) to End Borrower	Repayment Date (ddmmyyyy)	Mode of loan disbursement (MFS/Bank Apps)		
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15	16	17	18	19	20
																		0.00	
																		0.00	
																		0.00

Refinance Scheme: e-Loan Scheme

সংযুক্তি-ক (০৩)

Table-2: Summary of Borrower Information

Name of Participating Bank/FI:	
Reporting Month:	
Reporting Year:	

Serial No.	District	Female Borrower/Investor		Male Borrower/Investor		Third Gender Borrower/Investor		Total Number of Borrowers/ Investors	Total Loan/Investment Amount	Comment
		Number	Amount	Number	Amount	Number	Amount			
1	2	3	4	5	6	7	8	9	10	11

Refinance Scheme: e-Loan Scheme

সংযুক্তি-খ

Table-3: Quarterly Statement for e-Loan

Name of Participating Bank/FI:	
Reporting Quarter:	

Serial No.	Refinance from Bangladesh Bank			Repayment to Bangladesh Bank			Outstanding Amount	Female Borrower/Investor		Male Borrower/Investor		Third Gender Borrower/Investor		New Account Holder Borrower/Investor		New e-Loan Borrower/Investor		CL%
	Current Quarter	Interest/ Profit	Total Amount	Current Quarter	Interest/ Profit	Total Amount		Number	Amount	Number	Amount	Number	Amount	Number	Amount	Number	Amount	
1	2	3	4	2	3	4		5	6	5	6	7	8	7	8	7	8	10